

স্মারক নং ৩৪.০২.৪০৪৭.০৩৩.২৮.০০৮.২৩- ৬০

তারিখ : ৩০ বৈশাখ ১৪৩১
১৩ মে ২০২৪

বিষয় : বালক, বালিকা (অনূর্ধ্ব-১৬) টেবিল টেনিস প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৩-২৪ এর আওতায় খুলনা জেলা ক্রীড়া অফিসের আয়োজনে খুলনা জেলার মাধ্যমিক বিদ্যালয় ও ক্রীড়া ক্লাবের অনূর্ধ্ব-১৬ বছর বালক ও বালিকাদের অংশগ্রহণের মাধ্যমে আগামী ১৮ মে ২০২৪ তারিখ সকাল ০৯.০০ টায় খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স জিমন্যাসিয়ামে টেবিল টেনিস প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠানের ১০ জন প্রতিযোগির নামের তালিকা আগামী ১৬ মে ২৪ তারিখের মধ্যে (প্রতিষ্ঠানের প্যাডে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত) খুলনা জেলা ক্রীড়া অফিসে, (অফিস চলাকালীন) প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী :

- ০১। প্রতিযোগিতার স্থান : খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স জিমন্যাসিয়াম, খুলনা।
- ০২। প্রতিযোগিতার তারিখ : ১৮ মে ২০২৪ খ্রি: সকাল ৯.০০ টা।
- ০৩। অংশগ্রহণকারী টিমকে সকাল ০৯.০০ টার মধ্যে খেলোয়াড়ী পোশাকসহ মাঠে উপস্থিত হতে হবে।
- ০৪। বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক প্রতিষ্ঠানের প্যাডে নামের তালিকা প্রেরণ করতে হবে।
- ০৫। নক-আউট পদ্ধতিতে খেলা পরিচালিত হবে।

তৃণমূল পর্যায়ে খেলাধুলার প্রসার, ক্রীড়া প্রতিভার বিকাশ, উন্নয়ন ও অন্বেষণ কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে প্রতিযোগীদের অংশগ্রহণ নিশ্চিত করাসহ আপনার অব্যাহত সহযোগিতা কামনা করছি।

প্রাপক,
অধ্যক্ষ/ সুপার / প্রধান শিক্ষক,
.....
..... খুলনা।



১৬/০৫/২০২৪
মো: বকতিয়ার রহমান গাজী
জেলা ক্রীড়া অফিসার
খুলনা
ফোন: ০২৪-৭৮৮৪৪৪৫৯
মোবা: ০১৭২৫০০০০১

স্মারক নং ৩৪.০২.৪০৪৭.০৩৩.২৮.০০৮.২৩- ৬০

তারিখ : ৩০ বৈশাখ ১৪৩১
১৩ মে ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, খুলনা।
- ০৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ০৪। সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, খুলনা।
- ০৫। অফিস নথি।


১৬/০৫/২০২৪
মো: বকতিয়ার রহমান গাজী
জেলা ক্রীড়া অফিসার
খুলনা